2 কিভাবে একটি NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট খুলবেন

কলেজের জন্য সঞ্চয় করার অনেক উপায় আছে। NYC Kids RISE প্রত্যেক পরিবারকে তাদের জন্য সবচেয়ে ভালো বিকল্পটি বেছে নিতে উৎসাহিত করে। কলেজ সঞ্চয় বিকল্পগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য **nyckidsrise.org/options** দেখুন অথবা একটি সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) কর্মশালায় যোগ দিন।

আপনার পরিবারের জন্য উপলব্ধ কলেজ সঞ্চয় বিকল্পগুলির মধ্যে একটি হল **New York's 529 College Savings Program *Direct Plan*।**

একটি 529 অ্যাকাউন্ট হল এক ধরনের অ্যাকাউন্ট যা পরিবারগুলিকে কলেজ এবং কর্মজীবনের প্রশিক্ষণের জন্য সঞ্চয় করতে সাহায্য করার জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে।

- একটি 529 অ্যাকাউন্টে অর্থ সময়ের সাথে সাথে বাড়তে পারে এবং এর সাথে ট্যাক্স সুবিধা পাওয়া যায়, যার মধ্যে ট্যাক্স-মুক্ত উপার্জন[1] এবং সম্ভাব্য স্টেট আয়কর ছাড় অন্তর্ভুক্ত।
- যাইহোক, একটি 529 অ্যাকাউন্টে অর্থ বৃদ্ধির নিশ্চয়তা নেই এবং মূল্য হারাতে পারে।
- আপনার সম্ভাব্য বিনিয়োগের বৈশিষ্ট্য এবং ঝুঁকিগুলি বোঝার জন্য আপনাকে একটি 529 অ্যাকাউন্টের প্রকাশ সামগ্রীগুলি পড়তে হবে।
- NY 529 *Direct Plan* বা তালিকাভুক্তি প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, **nysaves.org** দেখুন অথবা **877-NYSAVES (877-697-2837)**এ কল করুন।

NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট খুলতে এবং সংযোগ করতে আপনার যা প্রয়োজন:

- আপনার NYC Kids RISE সেভিংস ট্র্যাকার (Savings Tracker) ইউজারনেম ও পাসওয়ার্ড[2]
- আপনার নিজের সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN)
- আপনার সন্তানের SSN বা ITIN
- আপনার এবং আপনার সন্তানের বাড়ির ঠিকানা
- আপনার ইমেল ঠিকানা
- আপনার এবং আপনার সন্তানের জন্ম তারিখ
- **সুপারিশকৃত:** আপনার মৃত্যুর ক্ষেত্রে আপনি যে ব্যক্তিকে অ্যাকাউন্টের মালিক করতে চান তার নাম এবং জন্ম তারিখ

NY 529 *Direct Plan* সম্পর্কে বিস্তারিত তথ্য NY 529 *Direct Plan* প্রকাশ পুস্তিকা ও টিউশন সঞ্চয়ের চুক্তি (Disclosure Booklet and Tuition Savings Agreement), বা "প্রকাশ পুস্তিকা (Disclosure Booklet)"-এ উপলব্ধ।

- আপনি এই নথিটি **nysaves.org**এ ডাউনলোড করতে পারেন।
- এই নথিতে বিনিয়োগের উদ্দেশ্য, ঝুঁকি, চার্জ, খরচ এবং অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। বিনিয়োগ করার আগে আপনার এটি সাবধানে পড়া এবং বিবেচনা করা উচিত।
- আপনি যদি NY 529 *Direct Plan*-এর সাথে একটি অ্যাকাউন্ট খোলেন, তাহলে আপনাকে নিশ্চিত করতে বলা হবে যে আপনি আপনার অ্যাকাউন্ট খোলার আগে প্রকাশ পুস্তিকা পেয়েছেন।

দ্রষ্টব্য: NYC Kids RISE NY-এর 529 College Savings Program এর সাথে সম্বন্ধীয় নয় এবং বিনিয়োগের পরামর্শ প্রদান করে না। NYC Kids RISE আপনার বা আপনার পরিবারের জন্য NY 529 *Direct Plan*-এর উপযুক্ততার বিষয়ে কোনো সুপারিশ করছে না। আপনি যদি নির্ধারণ করেন যে NY 529 *Direct Plan* আপনার এবং আপনার পরিবারের জন্য অর্থপূর্ণ শুধু তাহলেই NYC Kids RISE আপনাকে এগিয়ে যেতে উৎসাহিত করে। NY 529 *Direct Plan* সম্পর্কে আরও তথ্যের জন্য, **nysaves.org** দেখুন এবং প্রকাশ পুস্তিকা ডাউনলোড করুন, অথবা **877-NYSAVES (877-697-2837)**এ কল করুন।

[1] অযোগ্য অর্থ তোলার মাধ্যমে উপার্জনগুলি ফেডারেল আয়কর এবং 10% ফেডারেল আয়কর, সেইসাথে স্টেট এবং স্থানীয় আয়করের অধীন হতে পারে। ট্যাক্স এবং অন্যান্য সুবিধাগুলি অন্যান্য প্রয়োজনীয়তা পূরণের উপর নির্ভরশীল, এবং কিছু অর্থ তোলা ফেডারেল, স্টেট এবং স্থানীয় করের অধীন।
[2] আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখার জন্য একটি ইউজারনেম ও পাসওয়ার্ড তৈরি করার ওপরে তথ্যের জন্য, **nyckidsrise.org/register** দেখুন

মূল শর্তাবলী:

- ***Account Owner (অ্যাকাউন্টের মালিক)*** হলেন সেই ব্যক্তি যিনি এই কলেজ সেভিংস অ্যাকাউন্টের মালিক হবেন এবং সিদ্ধান্ত নেবেন। অ্যাকাউন্টের মালিক হওয়ার জন্য, আপনাকে অবশ্যই একজন U.S. নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা (resident alien) হতে হবে এবং আপনার একটি রাস্তার ঠিকানা থাকতে হবে। একটি অ্যাকাউন্টে শুধুমাত্র একজন অ্যাকাউন্টের মালিক থাকতে পারে। ইনি একজন পিতামাতা, অভিভাবক, দাদু-দিদা বা অন্য প্রাপ্তবয়স্ক হতে পারেন।
- ***Successor Account Owner (উত্তরাধিকারী অ্যাকাউন্টের মালিক)*** হলেন সেই ব্যক্তি যাকে অ্যাকাউন্টের মালিক তার মৃত্যু হওয়ার ক্ষেত্রে, NY 529 অ্যাকাউন্টের মালিক এবং নিয়ন্ত্রক হিসেবে নামাঙ্কিত করেন।
- ***Beneficiary (সুবিধাভোগী)*** হল সেই শিশু যার জন্য আপনি সঞ্চয় করছেন এবং যে অ্যাকাউন্টে থাকা অর্থ তার শিক্ষার জন্য ব্যবহার করতে পারে। আপনার অংশগ্রহণকারী শিশু তার NYC স্কলারশিপ অ্যাকাউন্টের (NYC Scholarship Account) সুবিধাভোগী।
- এই NY 529 *Direct Plan* অ্যাকাউন্টটিকে NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করতে, একই শিশুকে অবশ্যই উভয় অ্যাকাউন্টে সুবিধাভোগী হিসেবে তালিকাভুক্ত থাকতে হবে। আপনাকে এই অ্যাকাউন্টের সুবিধাভোগীর জন্য সামাজিক সুরক্ষা নম্বর বা করদাতা সনাক্তকরণ নম্বর এবং রাস্তার ঠিকানা প্রদান করতে হবে।
- ***Ugift*** হল একটি সহজ, বিনামূল্যে-ব্যবহারযোগ্য পরিষেবা যা 529 প্ল্যান অ্যাকাউন্টের মালিকদেরকে পরম্পরাগত উপহারের পরিবর্তে, কলেজ সঞ্চয়ের উপহারের সাথে বাচ্চাদের মাইলস্টোনগুলি উদযাপন করতে পরিবার এবং বন্ধুদের উৎসাহিত করতে দেয়। অ্যাকাউন্টের মালিকরা প্রতিটি সুবিধাভোগী/শিক্ষার্থীর জন্য একটি অনন্য Ugift কোড পান, যা অন্যদের সাথে শেয়ার করা যেতে পারে এবং **Ugift529.com**-এ অবদান রাখতে এখানে ব্যবহার করা যেতে পারে। Ugift-এ পাঠানো সমস্ত উপহারের অবদান শিক্ষার্থীর 529 প্ল্যান অ্যাকাউন্টে বিনিয়োগ করা হয় এবং শুধুমাত্র যোগ্য কলেজ এবং কলেজ-সম্পর্কিত খরচের জন্য ব্যবহার করার উদ্দেশ্যে করা হয় (529 প্ল্যান সম্পদের ব্যবহার নিয়ন্ত্রণ করে এমন আইন অনুযায়ী)।

আপনি যদি একটি নতুন NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট খোলার এবং সংযোগ করার সিদ্ধান্ত নিয়ে থাকেন বা একটি বিদ্যমান অ্যাকাউন্টের সঙ্গে সংযোগ করতে চান, তাহলে নিচের ধাপগুলি অনুসরণ করুন।

কিভাবে একটি NY 529 *Direct Plan* খুলবেন এবং সংযুক্ত করবেন:

1. আপনার কম্পিউটার বা মোবাইল ফোনে **nyckidsrise.org** দেখুন। স্ক্রিনের উপরের ডানদিকের কোণায় হলুদ **আবার লগ ইন করুন** বোতামে ক্লিক করুন।
2. নিচে স্ক্রোল করুন এবং **আবার লগ ইন করুন** বোতামে ক্লিক করুন এবং তারপর **চালিয়ে যান**-এ ক্লিক করুন।
3. আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করা এবং দেখার সময়ে আপনার তৈরি করা ইমেল এবং পাসওয়ার্ড প্রবেশ করান এবং **লগ ইন করুন বোতামে** ক্লিক করুন।
4. আপনি সেভিংস ট্র্যাকারে লগ ইন করার পরে, পৃষ্ঠাটির নীচে স্ক্রোল করুন এবং কমলা রঙের **529 অ্যাকাউন্ট তৈরি/সংযুক্ত করুন বোতামে** ক্লিক করুন।
5. আপনি যদি এবং যখন চালিয়ে যেতে প্রস্তুত হবেন, পপ-আপ বার্তাটি পড়ুন এবং **ঠিক আছে**-এ ক্লিক করুন।
6. **আপনার NY529 অ্যাকাউন্টে সংযোগ করুন**।

একটি বিদ্যমান NY 529 অ্যাকাউন্টে সংযোগ করতে:

- আপনার যদি ইতিমধ্যেই একটি NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট থাকে, যেখানে আপনার অংশগ্রহণকারী শিশুকে সুবিধাভোগী হিসাবে তালিকাভুক্ত করা আছে, তাহলে আপনি সেই অ্যাকাউন্টটিকে আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করতে পারেন।
- এটি করতে, ***Enroll Now (এখনই নথিভুক্ত করুন) ক্লিক করবেন না!*** এর পরিবর্তে, আপনার nysaves.org **ইউজারনেমটি** "Sign in (সাইন ইন করুন)" শব্দের নীচে পূরণ করুন।
- আপনি সাইন ইন করার পরে, এই নির্দেশিকাটির 23 নম্বর ধাপে যান।

একটি নতুন NY 529 অ্যাকাউন্ট খুলতে এবং এটি সংযুক্ত করতে:

- লগইন পৃষ্ঠার নীচের দিকের বক্সে **Enroll Now (এখনই নথিভুক্ত করুন)** ক্লিক করুন।
- এই নির্দেশিকাটির ধাপ 7 এ যান।

7. নাম, ফোন নম্বর এবং ইমেল ঠিকানা সহ ***Account Owner (অ্যাকাউন্টের মালিক)***-এর তথ্য প্রবেশ করান। এছাড়াও আপনার অ্যাকাউন্টের জন্য একটি পাসওয়ার্ড তৈরি করুন। তারপরে **Get Started (শুরু করুন)**-এ ক্লিক করুন।

8. আপনি NY 529 *Direct Plan* সম্পর্কে কীভাবে শুনেছিলেন তা নির্বাচন করুন এবং **Continue Enrollment (নথিভুক্তি চালিয়ে যান)**-এ ক্লিক করুন।

9. ***Account Owner's (অ্যাকাউন্টের মালিক)***-এর ঠিকানা প্রবেশ করান এবং **Continue (চালিয়ে যান)** টিপুন। এটি এবং অন্যান্য পদক্ষেপ সম্পর্কে আরও তথ্যের জন্য, স্ক্রিনের নীচে ডানদিকে **Tips (পরামর্শ)** বোতামে ক্লিক করুন।

10. ***Account Owner's (অ্যাকাউন্টের মালিক)***-এর সামাজিক সুরক্ষা নম্বর বা ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর, জন্ম তারিখ এবং নাগরিকত্বের অবস্থা প্রবেশ করান।

    - অ্যাকাউন্ট খোলেন এমন প্রত্যেক ব্যক্তিকে চিহ্নিত করার জন্য, NY 529-কে এই তথ্য জিজ্ঞাসা করতে হবে। আপনি তথ্যটি প্রদান না করলে, তারা আপনার অ্যাকাউন্ট খুলতে সক্ষম হবে না।
    - লক্ষ্য করুন যে নাগরিকত্বের অধীনে বিকল্পগুলি হল U.S. নাগরিক বা স্থায়ী বাসিন্দা। NY 529 *Direct Plan* দ্বারা ব্যবহৃত স্থায়ী বাসিন্দার সংজ্ঞাটি হল IRS এর সংজ্ঞা।
    - আপনি যদি গ্রীন কার্ড পরীক্ষা বা ক্যালেন্ডার বছরের (জানুয়ারি 1-ডিসেম্বর 31) এর জন্য উল্লেখযোগ্য উপস্থিতি পরীক্ষায় উত্তীর্ণ হন তবে IRS আপনাকে ট্যাক্সের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশী বাসিন্দা হিসাবে বিবেচনা করে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে IRS এর ওয়েবসাইট https://www.irs.gov/individuals/international-taxpayers/determining-an-individuals-tax-residency-status দেখুন। আপনার কাছে এই তথ্য না থাকলে মনে রাখবেন যে পরিবার এবং বন্ধুরা আপনার সন্তানের জন্য একটি অ্যাকাউন্ট খুলতে পারে। আরও তথ্যের জন্য NYC Kids RISE-এর সাথে যোগাযোগ করুন।

11. ***Beneficiary (সুবিধাভোগী)*** সম্পর্কে সিদ্ধান্ত নিন এবং অনুরোধ করা তথ্য পূরণ করুন। তারপর **Continue (চালিয়ে যান)** টিপুন।

12. ***Successor Account Owner (উত্তরাধিকারী অ্যাকাউন্টের মালিক)***-এর বিষয়ে সিদ্ধান্ত নিন এবং সেই ব্যক্তির নাম এবং জন্মতারিখ পূরণ করুন। তারপর **Continue (চালিয়ে যান)** টিপুন।

    - অ্যাকাউন্টে উত্তরাধিকারী যোগ করা ঐচ্ছিক, কিন্তু করতে উৎসাহিত করা হয়।

13. আপনার বিনিয়োগ কৌশল বেছে নিন।

    - **Age-Based (বয়স-ভিত্তিক)** বা **Custom Portfolio (কাস্টম পোর্টফোলিও)** এই দুটি বিকল্পে ক্লিক করুন, প্রতিটি সম্পর্কে আরও তথ্যের জন্য।
    - **যদি আপনি Age-Based (বয়স-ভিত্তিক) নির্বাচন করেন, তাহলে আপনি তিনটি ঝুঁকির স্তর থেকে বেছে নিতে পারেন:** Aggressive, Moderate, or Conservative (আক্রমণাত্মক, মধ্যপন্থী বা রক্ষণশীল)।
    - আরও তথ্যের জন্য প্রতিটি ঝুঁকির স্তরে ক্লিক করুন। আপনি কী ধরনের বিনিয়োগকারী তা জানতে, "Conservative (রক্ষণশীল)" বোতামের নীচে **আরো জানুন** ক্লিক করুন।
    - আপনি যদি কাস্টম পোর্টফোলিও নির্বাচন করেন, তাহলে আপনি মোট 100% যোগ করার জন্য বিনিয়োগের একটি মিশ্রণ নির্বাচন করবেন। বয়স ভিত্তিক বিকল্পের বিপরীতে, শিশুর বয়স বাড়ার সাথে সাথে এই মিশ্রণটি পরিবর্তিত হবে না। সময়ের সাথে সাথে এটি একই থাকবে। আরও তথ্যের জন্য প্রতিটি পোর্টফোলিওর পাশে নীল বোতামে ক্লিক করুন।
    - আরও তথ্যের জন্য, nysaves.org-এ যান এবং ক্লিক করুন **Which investments should I choose? (আমি কোন বিনিয়োগ বেছে নেব?)**
    - বিনিয়োগের বিকল্পগুলি সম্পর্কে বিস্তারিত তথ্য প্রকাশ পুস্তিকাতেও পাওয়া যায়। বিনিয়োগের বিকল্পগুলির মধ্যে থেকে বেছে নেওয়ার বিষয়ে আরও তথ্যের জন্য, আপনি NY 529 এ 877-697-2837-এ কল করতে পারেন। আপনি ট্যাক্স বা আর্থিক উপদেষ্টার সাথেও কথা বলতে পারেন।

    দ্রষ্টব্য: NYC Kids RISE উপলব্ধ বিভিন্ন বিনিয়োগের বিকল্প বা আপনার জন্য কোনটি উপযুক্ত হতে পারে সে বিষয়ে কোনো নির্দেশনা দিতে পারে না।

14. একবার আপনি একটি বিনিয়োগের বিকল্প বা বিকল্পগুলি নির্বাচন করলে, **Continue (চালিয়ে যান)** ক্লিক করুন।

15. **আপনি কীভাবে আপনার অ্যাকাউন্টে অর্থায়ন করতে চান তা বেছে নিন:**

    Deposit from a Bank Account (ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে জমা): আপনি একটি চেকিং বা সেভিংস অ্যাকাউন্ট থেকে প্রাথমিক জমা করাবেছে নিতে পারেন।

    Payroll Deduction (পে-রোল থেকে কেটে নেওয়া): যদি আপনার নিয়োগকর্তা এটিকে সমর্থন করেন, তাহলে আপনি প্রতিটি বেতনের সময়কালে আপনার পেচেক (paycheck) থেকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ তোলা এবং আপনার NY 529 অ্যাকাউন্টে জমা করা বেছে নিতে পারেন। আপনার নিয়োগকর্তাকে জিজ্ঞাসা করুন যে তারা এই বিকল্পটি সমর্থন করে কিনা।

By Check (চেক দ্বারা): আপনি যদি একটি চেকের মাধ্যমে আপনার অ্যাকাউন্টে জমা দিতে চান, তাহলে আপনি এই প্রক্রিয়ার শেষে একটি ফর্ম প্রিন্ট করতে পারেন এবং একটি চেক সহ ডাকযোগে এটি NY 529 *Direct Plan* এ পাঠাতে পারেন।

By Rollover (রোলওভার দ্বারা): আপনি অন্য ধরনের অ্যাকাউন্ট থেকেও এই অ্যাকাউন্টে টাকা রোল-ওভার করতে পারেন। আরও তথ্যের জন্য, 877-NYSAVES (877-697-2837)-এ NY 529 এর সঙ্গে যোগাযোগ করুন অথবা **nysaves.org**-এ তাদের ওয়েবসাইট দেখুন।

16. আপনি আপনার নির্বাচন করা এবং অনুরোধকৃত তথ্য পূরণ করার পরে, **Continue (চালিয়ে যান)** ক্লিক করুন।

- একটি অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে আমানত জমা করতে হবে না। আমানত জমা করা ছাড়াই আপনার অ্যাকাউন্ট খুলতে, "Check (যাচাই করুন)" বিকল্পটি নির্বাচন করুন এবং **Continue (চালিয়ে যান)** ক্লিক করুন।
- আপনি ইচ্ছামত যতটা সম্ভব কম বা বেশি জমা করতে পারেন। কোনও ন্যূনতম পরিমাণ নেই।
- প্রতিটি বিকল্পে ক্লিক করলে, তা সেই অর্থায়নের উৎস ব্যবহার করার জন্য আপনার প্রয়োজনীয় তথ্য আপনাকে জানায়।

17. আপনি অন্য কোন সুবিধাভোগী বা শিশুর জন্য অন্য একটি 529 অ্যাকাউন্ট খুলতে চান কিনা তা বেছে নিন।
    - যদি তাই হয়, **Yes, Add Another Beneficiary (হ্যাঁ, অন্য একজন সুবিধাভোগী যোগ করুন)** ক্লিক করুন, ধাপ 10-এ ফিরে যান এবং নতুন শিশুটির জন্য আবার প্রক্রিয়াটি সম্পূর্ণ করুন।
    - যদি না হয়, **No, Let's Finish Up (না, শেষ করা যাক)** ক্লিক করুন এবং ধাপ 18-এ চালিয়ে যান।
18. আপনার অ্যাকাউন্টের জন্য একটি ইউজারনেম তৈরি করুন যাতে আপনি আবার লগ ইন করতে পারেন।
19. তিনটি নিরাপত্তা প্রশ্ন নির্বাচন করুন এবং সেগুলির উত্তর দিন। একটি নিরাপত্তা চিত্র নির্বাচন করুন এবং এটিকে একটি নাম দিন যাতে আপনি এটি সহজেই মনে রাখতে পারেন। আপনার এটা করা হয়ে গেলে, **Continue (চালিয়ে যান)**-এ ক্লিক করুন।
20. চেক মার্ক পূরণ করা হয়েছে তা নিশ্চিত করে আপনার Ugift কোড সক্রিয় করুন। তারপর **Continue (চালিয়ে যান)** টিপুন।
    - বন্ধু এবং পরিবারের সাহায্য নিয়ে কলেজের জন্য সঞ্চয় করা আরও সহজ!
21. আপনি কীভাবে NY 529 এর কাছ থেকে আপনার অ্যাকাউন্ট সম্পর্কে তথ্য পেতে চান তা বেছে নিন এবং ইলেকট্রনিক ডেলিভারির তথ্য পর্যালোচনা করুন। তারপর **Continue (চালিয়ে যান)** টিপুন।
22. আপনার আবেদনটি সঠিক কিনা তা নিশ্চিত করতে পর্যালোচনা করুন।
    - আপনার প্রবেশ করা সমস্ত তথ্য পর্যালোচনা করুন। যে কোনও ভুল সংশোধন করুন।
    - আপনি প্রকাশ পুস্তিকা পেয়েছেন তা নিশ্চিত করুন। NY 529 *Direct Plan*-এ বিনিয়োগের বৈশিষ্ট্য এবং ঝুঁকিগুলি সম্পূর্ণরূপে বোঝার জন্য আপনার এই সামগ্রীগুলি পড়া উচিত।
23. আপনি প্রকাশ পুস্তিকার শর্তাবলী পড়েছেন এবং সম্মত হয়েছেন এবং একটি অ্যাকাউন্ট খুলতে প্রস্তুত আছেন, তা নিশ্চিত করতে **Sign (স্বাক্ষর করুন)**-এ ক্লিক করুন।
24. এখন আপনি আপনার অ্যাকাউন্ট খুলেছেন, তাই আপনার একটি অনুমোদন পৃষ্ঠা দেখতে পাওয়া উচিত। **এখানে আপনি আপনার নতুন NY 529 *Direct Plan* অ্যাকাউন্টকে আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করতে পারেন।** এটি আপনাকে আপনার সেভিংস ট্র্যাকারে উভয় অ্যাকাউন্টের ব্যালেন্স (অর্থের পরিমাণ) দেখার অনুমতি দেবে।

    এই অনুমোদন পৃষ্ঠাটি সাবধানে পর্যালোচনা করুন এবং আপনি প্রস্তুত হলে **I Authorize (আমি অনুমোদন করি)**-এ ক্লিক করুন।
25. আপনার সন্তানের নামের পাশের ছোট বৃত্তে ক্লিক করুন এবং **OK (ঠিক আছে)** ক্লিক করুন।

অভিনন্দন, আপনি আপনার NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট খুলেছেন এবং সংযুক্ত করেছেন!

আপনার নতুন অ্যাকাউন্টটি আপনার সেভিংস ট্র্যাকারে 24 ঘন্টার মধ্যে "আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্টস" এর নিচে প্রদর্শিত হবে।

যদি আপনার নতুন অ্যাকাউন্ট 48 ঘন্টার মধ্যে "আপনার কলেজ সেভিংস অ্যাকাউন্ট" এর নিচে দেখা না যায়, তাহলে অনুগ্রহ করে NYC Kids RISE হটলাইনে **833-543-7473**-এ কল করুন অথবা **info@nyckidsrise.org**-এ ইমেল করুন।

আপনার যদি NY 529 *Direct Plan* নথিভুক্তি প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন থাকে, আপনি NY 529-কে **877-NYSAVES (877-697-2837)**-এ কল করতে পারেন।